

নং-৪৭.০০.০০০০.০৩২.২৭.০০৪.২৩.১৮৬

১৬ বৈশাখ, ১৪৩১
তারিখ: -----
২৯ এপ্রিল, ২০২৪

অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ রোকুনুজ্জামান খান, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, মেলান্দহ, জামালপুর ও প্রাক্তন সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, নালিতাবাড়ী, শেরপুর এ কর্মকালীন গত ১১.০১.২০২২ খ্রি. তারিখ দুপুর ১২.০০ ঘটিকায় এবং রাত্রে ৯.০০ ঘটিকায় উর্ধ্বতন কর্তৃপক্ষ সম্পর্কে স্যোশ্যাল মিডিয়ায় (ফেইসবুক পোস্টের মাধ্যমে) মিথ্যা, ভিত্তিহীন ও শিষ্টাচারবর্হিত্বিত সমালোচনা করে দায়িত্বহীনতার পরিচয় প্রদানের কারণে সমবায় অধিদপ্তরের ১৩.১১.২০২২ তারিখের ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০১৬.২২জি-(বিমা-১১)-৯৩৯-এ/ও সংখ্যক অফিস আদেশ মূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক অসদাচরণের অভিযোগে আপনার বিরুদ্ধে ১১/২০২২ নং বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের বিষয়ে রেকর্ডপত্র এবং দাখিলকৃত জবাব পর্যালোচনায় আপনার জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;


যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয় এবং ২য় কারণ দর্শানো নোটিশের জবাবের পরিপ্রেক্ষিতে আপনার জবাব সন্তোষজনক মর্মে বিবেচিত হয়নি;

যেহেতু, আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ধারায় আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয় বিধায় একই বিধিমালার ৪ (৩) (ক) বিধির বিধান মোতাবেক আপনার “ নিম্ন বেতন গ্রেড অবনমিতকরণ” দন্ড প্রদান করা হয়;

যেহেতু, আপনি জনাব মোঃ রোকুনুজ্জামান খান উক্ত দন্ড আরোপ হতে অব্যাহতি প্রদানের জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সিনিয়র সচিব এর নিকট আপিল আবেদনের প্রেক্ষিতে ১৬.০১.২০২৪ তারিখে শুনানি গ্রহণকালে সমবায় অধিদপ্তরের প্রতিনিধি যুগ্ম-নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) জনাব রিন্তা দত্ত ও আপনার বক্তব্য শ্রবণ করা হয়। উভয় পক্ষের ব্যক্তব্য, উপস্থাপিত রেকর্ডপত্র এবং তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সমবায় অধিদপ্তরের ১৩.১১.২০২২ তারিখের ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০১৬.২২জি-(বিমা-১১)-৯৩৯-এ/ও সংখ্যক অফিস আদেশ মূলে প্রদত্ত “ নিম্ন বেতন গ্রেডে অবনমিতকরণ” দন্ড আরোপ করাই যুক্তিযুক্ত মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব মোঃ রোকুনুজ্জামান খান, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, মেলান্দহ, জামালপুর ও প্রাক্তন সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, নালিতাবাড়ী, শেরপুর এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলায় সমবায় অধিদপ্তরের ১৩.১১.২০২২ তারিখের ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০১৬.২২জি-(বিমা-১১)-৯৩৯-এ/ও সংখ্যক অফিস আদেশ মূলে প্রদত্ত “নিম্ন বেতন গ্রেডে অবনমিতকরণ” দন্ড বহাল রাখা হলো। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২১ বিধি মোতাবেক আপীল আবেদনটি নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।




(মোসাম্মৎ হামিদা বেগম)
সিনিয়র সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

নং-৪৭.০০.০০০০.০৩২.২৭.০০৪.২৩.১৮৬(৯)

১৬ বৈশাখ ১৪৩১
তারিখ: -----
২৯ এপ্রিল ২০২৪

অনুলিপি: আদেশের কপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো।

- ১। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।
- ২। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৪। সিনিয়র সচিব এর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৫। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ময়মনসিংহ।
- ৬। সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (প্রজ্ঞাপনটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। জেলা সমবায় কর্মকর্তা, জামালপুর/শেরপুর।
- ৮। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, জামালপুর/শেরপুর।
- ৯। জনাব মোঃ রোকুনুজ্জামান খান, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, মেলান্দহ, জামালপুর ও প্রাক্তন সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, নালিতাবাড়ী, শেরপুর।


২৯/০৪/২০২৪
(ড. অশোক কুমার বিশ্বাস)
উপসচিব